LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

***বৈধ ভারতীয় নাগরিকের অবৈধ পুশব্যাকের চেষ্টার তীব্র নিন্দা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২২.০৭.২০২৬) এক বিবৃতিতে বলেন,***

*"গত ১৯ জুন ২০১৬ উত্তর দিনাজপুর জেলার করনদিঘী ব্লকের বাজার গাঁও ২ অঞ্চলের ৬৬ বছরের এক বৃদ্ধ রাতে হঠাৎ নিখোঁজ হয়ে যান। আত্মীয় পরিজন ভোর থেকে হন্যে হয়ে খুঁজে কোথাও না পেয়ে থানায় খোঁজ নিয়ে জানতে পারেন, বাংলাদেশী সন্দেহে রাত বারোটায় খোলা বারান্দায় ঘুমন্ত অবস্থায় বৃদ্ধ জলিল আখতারকে ডালখোলা থানার পুলিশ তুলে নিয়ে গিয়ে হোল্ডিং সেন্টারে রাখে। সমস্ত বৈধ কাগজপত্র নিয়ে পরিবারের লোকজন থানায় উপস্থিত হলেও তাঁকে ছাড়া হয়নি।*

*জলিল আখতারের বিধানসভা নির্বাচন ক্ষেত্র --- ৩১ ,চাকুলিয়া পার্ট নং --- ২২৩ সিরিয়াল নং --- ৮৯০ এপিক নং -wb/05/030/342055 ওনার আধার কার্ড ,প্যান কার্ড, রেশন কার্ড, ভোটার কার্ড সবই আছে। পিতার ১৯৬৭ সালের জমির দলিল আছে। ১৯৭৮ সাল থেকে পশ্চিমবঙ্গে ভোট দেন। ১৯৯৫, ২০০২ সালের ভোটার তালিকায় তাঁর নাম রয়েছে। ২০২৬ সালে বিধানসভায় ভোটও দিয়েছেন। একজন বৈধ ভারতীয় নাগরিক হতে আর কি লাগে? প্রশাসন উত্তর দেয়নি, অথচ তাঁকে ছাড়েনি।*

*পরিবারের কারো তাঁর সঙ্গে যোগাযোগের উপায় নেই। প্রশাসনের সর্বস্তরে আবেদন করেও কোনো সুরাহা হয়নি। যে হোল্ডিং সেন্টারে তাঁকে রাখা হয়েছিল সেখানে তিনি নেই। শোনা যাচ্ছে, তাঁকে পুশব্যাক করার জন্য বিএসএফ-এর কাছে হস্তান্তরিত করা হয়েছে।*

*এ কোন গণতান্ত্রিক ভারতবর্ষে বাস করছি আমরা! এ তো বর্বরতা, জঙ্গলের রাজত্ব। গনতান্ত্রিক চেতনাসম্পন্ন কোন মানুষ এ জিনিস মেনে নিতে পারে না। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস অবিলম্বে জলিল আখতারকে সসম্মানে তাঁর পরিবারের হাতে ফিরিয়ে দেওয়ার ও এর ফলে তাঁর সম্মানহানি, শারীরিক, মানসিক নির্যাতনের ক্ষতিপূরণ দাবি করছি। পাশাপাশি, দোষী পুলিশ অফিসারদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি এবং শুভবুদ্ধিসম্পন্ন জনসাধারণের কাছে আমাদের আবেদন, এই অন্যায়ের প্রতিবাদে আপনারা সোচ্চার হোন।"*

CPDRS West Bengal